



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৮

তারিখঃ ১৬-০১-২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবিতে প্লাগারিজম সফটওয়্যার এর উদ্বোধন

(১৬-০১-২০২৩)ঃ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার প্লাগারিজম সফটওয়্যার এর উদ্বোধন করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষকদের আর্টিকেল এর সত্যতা যাচাই নিরূপণ সহজ ও সঠিকভাবে নির্ধারণ করা যাবে। বছরে চার হাজার ফাইল চেক করা যাবে। এর মাধ্যমে গবেষণার নতুন দ্বার উন্মোচিত হলো।



Plagiarism Software এর শুভ উদ্বোধন করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন

ছবি ইমরান আহমেদ।

বিকালে গ্যালারী-২তে এ প্লাগারিজম সফটওয়্যার উদ্বোধন উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। তিনি সফটওয়্যারটির উদ্বোধন করে বলেন, আমরা অনেক প্রচেষ্টার পর নিজস্ব সফটওয়্যার উদ্বোধন করতে পারছি আজ। নবীন এই প্রতিষ্ঠানের পালকে আর একটি অর্জন যোগ হলো। যা আমাদের উন্নয়নে মাইলফলক হিসেবে বিবেচিত হবে। এই সফটওয়্যার এর উদ্বোধনের মাধ্যমে প্রযুক্তির উৎকর্ষতার সাহায্য পাবেন সম্মানিত শিক্ষকরা। শিক্ষকরা নিশ্চিতে গবেষণা ও আর্টিকেলের কাজে এগিয়ে যেতে পারবেন। ক্রমান্বয়ে এর সুবিধা সবাই ভোগ করতে পারবেন। সফটওয়্যারটির সাথে সংশ্লিষ্টদের মাননীয় উপাচার্য ধন্যবাদ জানান। বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. এস. এম মোস্তফা কামাল খান বলেন, নতুন বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার বরাদ্দ করা।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তরঙ্গ শিক্ষকদের সামনে গবেষণার সুযোগ বেশি। আর এরই সফটওয়্যারটির উদ্বোধন হওয়ার কারণে গবেষণার নতুন দ্বার উন্মোচন হলো। তিনি শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, থিসিসের টাইটেলে একটু সময় দেন, বিষয়টি সিরিয়াসভাবে নেবেন। ইন্ট্রোডাকশন পড়েই যাতে বোৰা যায়। শিক্ষকরা শিক্ষার্থীদের কাছে দেবতা স্বরূপ বলে তিনি মন্তব্য করেন।

বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দিন বলেন, এই সফটওয়্যার ব্যবহারের নীতিমালা অচিরেই তৈরি করা হবে, কীভাবে এটা ব্যবহার করা যাবে। ধাপে ধাপে ডিন, চেয়ারম্যানদের আইডি দেয়া হবে। গবেষণার উৎকর্ষতা বৃদ্ধিতে এটি খুবই উপযোগি হবে। মানসম্মত শিক্ষার জন্য শিক্ষকরা নিজেকে তৈরি করতে পারবেন। নিজে থেকেই শিক্ষকরা মানসম্মত আর্টিকেল সার্বিট করতে পারবেন। নিজেদের আর্টিকেলে উন্নতি করতে পারবেন। সকলের প্রচেষ্টায় ছোট ছোট অর্জনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সুনাম চারদিকে ছড়িয়ে পড়বে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের আওতায় এটি তৈরি করা হয়েছে। প্রকল্প পরিচালক লে.কর্ণেল. জিএম আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে সফটওয়্যারটির উপস্থাপন করেন আইসিটি সেলের পরিচালক ড.আব্দুর রহিম। তিনি জানান, তার টিমের প্রধান হিসিবে রয়েছেন ট্রেজারার অধ্যাপক ড. এক এম সালাহ উদ্দিন, গণিত বিভাগের শিক্ষক নূরে আলম, আইসিটি সেলের ইমরান আহমেদ। ইংরেজি ভাষায় এটি পরিচালনা করা যাবে। সফটওয়্যারটির নাম আইটেনটিকেট।

বার্তা প্রেরক-
স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)
উপ-পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।